



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদ্রাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্রক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রা-০৯/২০১৫/২০২৫২

তারিখ: ১৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ  
০২ নভেম্বর ২০২৩ খ্রি.


**অফিস আদেশ**

তাহা ইসলামিয়া ফাজিল মাদ্রাসা, ডাকঘর: শিবপুর, উপজেলা: আটঘরিয়া, জেলা: পাবনা-এর ফাজিল স্নাতক (পাস) বি.এ/বি.এস.এস স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ০৬.০২.২০২৩খ্রি. তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অনুসৃত অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদ্রাসাটির ফাজিল স্নাতক (পাস) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০২৩ খ্রি. থেকে ২৬.০৪.২০২৭ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো:

**শর্তসমূহ :**

১. সকল স্তরে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।
২. শ্রেণিকক্ষে মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করতে হবে। শিক্ষার্থীদের মাতৃভাষার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষা দক্ষ করে গড়ে তুলার লক্ষ্যে আরবি ও ইংরেজি ক্লাসের সময় সংশ্লিষ্ট ভাষায় লেকচার প্রদান করতে হবে।
৩. ব্যাংকের মাধ্যমে সকল আর্থিক লেনদেন করতে হবে এবং বাৎসরিক সকল আয়-ব্যয়ের হিসাব অডিট কমিটির মূল্যায়ন শেষে গভর্নিং বডি'র অনুমোদন নিতে হবে। প্রতিষ্ঠানের হিসাব কার্য পরিচালনা ও বিল ভাউচারগুলো সংরক্ষণে আরো স্বচ্ছ, দক্ষ ও আন্তরিক হতে হবে।
৪. অভ্যন্তরীণ ভর্তি কমিটি, অর্থ কমিটি ও অডিট কমিটি ইত্যাদি গঠন করে একাডেমিক ও আর্থিক বিষয়সমূহে স্বচ্ছতা নিশ্চিত করতে হবে।
৫. শিক্ষকদের দক্ষতা বৃদ্ধির জন্য ইন-হাউজ ট্রেনিং এর ব্যবস্থা করতে হবে।
৬. মাদ্রাসার প্যাড ও প্রধান ফটকে 'ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অধিভুক্তি' কথাটি সংযুক্ত করতে হবে।
৭. লাইব্রেরী ও 'হৃদয়ে বঙ্গবন্ধু' কে বঙ্গবন্ধুর আদর্শ, দেশপ্রেম, মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার উপর লিখিত কমপক্ষে ২০০ বই দ্বারা সমৃদ্ধ করতে হবে।
৮. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

 02.11.2023

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

তাহা ইসলামিয়া ফাজিল মাদ্রাসা


ডাকঘর: শিবপুর, উপজেলা: আটঘরিয়া, জেলা: পাবনা।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রা-০৯/২০১৫/২০২৫২

তারিখ: ১৭ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ  
০২ নভেম্বর ২০২৩ খ্রি.

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:**

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৫। প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, তাহা ইসলামিয়া ফাজিল মাদ্রাসা, ডাকঘর: শিবপুর, উপজেলা: আটঘরিয়া, জেলা: পাবনা।
- ৮। অফিস নথি।

 02.11.23

(মোঃ জাহান উদ্দিন)

সেকশন অফিসার

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭২৪৮০৮৫২৪